

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯১৩

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৫. মাসাকাত বা বিনিময়ে তত্ত্বাবধান ও ইজারাহ বা ভাড়া বা ঠিকায় সম্পাদন - কর্মচারীর মজুরী দ্রুত দেওয়া আবশ্যক

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ _ رَضِيَ اللَّهُ عَنْهُمَا _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «أُعْطُوا الْأَجِيرَ أَجْرَهُ قَبْلَ أَنْ يَجِفَّ عَرَقُهُ». رَوَاهُ ابْنُ مَاجَهْ

حديث صحيح بشواهده. رواه ابن ماجه (2443) بسند ضعيف جدًا. قلت: وله شواهد من حديث أبي هريرة، وجابر بن عبد الله، وعطاء بن يَسار. فأما حديث أبي هريرة: فرواه الطحاوي في «المشكل» (4/ 142)، والبيهقي (6/ 121) بسند حسن على أقل أحواله، وله طريق أخرى عند أبي يعلى (6682) وأما حديث جابر: فرواه الطبراني في «الصغير» (34) وسنده ضعيف. وأما مرسل عطاء: فرواه ابن زَنْجَوَيْه في «الأموال (1092) بسند حسن. تنبيه: جاء عقب هذا الحديث في «الأصل» قول الحافظ: «وفي الباب: عن أبي هريرة _رضي الله عنه_ عند [أبي] يعلى والبيهقي. وجابر عند الطبراني، وكلها ضعاف». ثم ضرب عليه الناسخ. ولم يرد هذا الكلام في «أ» ولذلك حذفته

বাংলা

৯১৩. ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, শ্রমিককে তার ঘাম শুকানোর পূর্বৈই মজুরী দিয়ে দাও।[1] আবূ ইয়া'লা ও বাইহাকীতে আবূ হুরাইরা (রাঃ) থেকে আর ত্বাবারানীতে জাবির (রাঃ) থেকে এ ব্যাপারে আরো হাদীস বর্ণিত হয়েছে, কিন্তু তার সবগুলোই য'ঈফ হাদীস।[2]



ফুটনোট

[1] ইবনু মাজাহ ২৪৪৩। ইমাম হাইসামী মাজমাউয যাওয়ায়েদ ৪/১০১ গ্রন্থে বলেন, এর সানাদে শারকি বিন কাতামী রয়েছে, সে দুর্বল। ইমাম সুয়ৃত্বী আল জামেউস সগীর ১১৬৪ গ্রন্থে একে দুর্বল বলেছেন। ইমাম সনআনী সুবুলুস সালাম এর সানাদে দুজন দুর্বল বর্ণনাকারী পেয়েছে- শারকি বিন কাতামী ও মুহাম্মাদ বিন যিয়াদকে। কিন্তু শাইখ আলবানী তাখরীজ মিশকাতুল মাসাবীহ ২৯১৮ নং গ্রন্থে একে সহীহ লিগাইরিহী বলেছেন, ইরওয়াউল গালীল ১৪৯৮ গ্রন্থে সহীহ ও সহীহুল জামে ১০৫৫ গ্রন্থে একে হাসান বলেছেন।

[2] বাইহাকী (৬/১২১) হাসান সানাদে, আবূ ইয়ালা (৬৬৮২), ত্বাবারানী সগীর (৩৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন